

জবিতে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ক্লাস শুরু

জবি প্রতিনিধি



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০২৪-২৫

শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের

শিক্ষার্থীদের ক্লাস আজ রবিবার শুরু হয়েছে। এ

উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, বিভাগ

ও ইনসিটিউটগুলোতে নবীন শিক্ষার্থীদের

উৎসবমুখর পরিবেশে স্বাগত জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাণ রেজিস্ট্রার অধ্যাপক ড.

মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক অফিস

আদেশে গত ২ জুন এই ক্লাস শুরুর ঘোষণা

দেওয়া হয়।

ক্লাস শুরুর প্রথম দিনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

নবীন শিক্ষার্থীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা লক্ষ

করা যায়।

বিজ্ঞান অনুষদের রসায়ন বিভাগের নবীন শিক্ষার্থী

ফারিয়া আকত্তার বলেন, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে

ভর্তি হওয়া আমার জন্য গর্বের বিষয়। আজ থেকে

আমার বিশ্ববিদ্যালয় জীবন শুরু এবং আমি এই

নতুন অধ্যায়ে অনেক কিছু শিখতে উৎসুক।’

এদিকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও অনুষদে

একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য

প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া

পরীক্ষা নিয়ন্ত্রণ, হিসাব, উন্নয়ন, এবং আইসিটি

শাখাসহ সংশ্লিষ্ট দণ্ডরণ্গলো ক্লাস শুরুর জন্য

সমন্বিতভাবে কাজ করেছে।

শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে রেজিস্ট্রার বলেন,

‘নবীন শিক্ষার্থীদের জন্য এটি তাদের বিশ্ববিদ্যালয়

জীবনের প্রথম ধাপ। আমরা চাই, তারা শুরু

থেকেই পড়াশোনা ও গবেষণার মাধ্যমে নিজেদের

ভবিষ্যৎ গড়ে তুলুক। এ জন্য একাডেমিক

কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্য সংশ্লিষ্ট

বিভাগ ও দণ্ডরণ্গলোকে সর্বোচ্চ প্রস্তুতি নিতে

নির্দেশ দেওয়া হয়েছে।’

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.

মো. রেজাউল করিম নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে

বলেন, আমরা শিক্ষার্থীদের স্বাগত জানাই এবং

আশা করি তারা নিয়মিত অধ্যয়ন, গবেষণা এবং
নৈতিক উন্নয়নের মাধ্যমে নিজেদের ভবিষ্যৎ^১
প্রস্তুত করবে।

আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের জন্য একটি
সৃজনশীল ও গতিশীল শিক্ষা পরিবেশ নিশ্চিত
করা।

চলতি শিক্ষাবর্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় নিজস্ব
পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিয়েছে, যা গুচ্ছভুক্ত
বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বিত ভর্তি পরীক্ষা থেকে
পৃথক। এবারের ভর্তি পরীক্ষায় এক লাখ ৯৩
হাজার ৬৩৪ জন শিক্ষার্থী আবেদন করেন। এর
মধ্যে পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পান ৪০
হাজার শিক্ষার্থী। দুই হাজার ৮১৫টি আসনের জন্য
এই পরীক্ষা গত ৩১ জানুয়ারি থেকে ২৮
ফেব্রুয়ারি পর্যন্ত বিভিন্ন ইউনিটে (এ, বি, সি, ডি
ও ই) অনুষ্ঠিত হয়।